

ড. মো. রফিকুল আলমের সংক্ষিপ্ত জীবনী

ড. মো. রফিকুল আলম শিক্ষা জীবনের শুরু করেন ১৯৫৬ সালে কুষ্টিয়ায় চার্ট অফ বাংলাদেশ স্কুলে। কুষ্টিয়া জিলা স্কুল থেকে বিজ্ঞান বিভাগে কৃতিত্বের সঙ্গে এসএসসি পাস করেন ১৯৬৫ সালে। ১৯৭০ সালে পূর্ব পাকিস্তান কলেজে অব আর্টস অ্যান্ড ট্রাফটস ঢাকা থেকে শিল্পকলার ইতিহাসে ‘ক্রেডিট মার্কস’ সহ ড্রয়িং ও পেইন্টিং-এ স্নাতক ডিগ্রী অর্জন করেন। ১৯৭৪ সালে এম. এ. ইন ফাইন আর্টস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে। ১৯৮৩ সালে ভারতের কাশী হিন্দু বিশ্ববিদ্যালয় থেকে ‘ফাইন আর্টস ও হিস্ট্রি অফ আর্টস’ এ পিএইচডি ডিগ্রী অর্জন যা বাংলাদেশের চিত্রশিল্পীদের মধ্যে সর্বপ্রথম ডক্টরেট ডিগ্রি লাভ।

বেনারসি হিন্দু বিশ্ববিদ্যালয় তাঁকে ‘ফাইন আর্টস’ ও ‘হিস্ট্রি অফ আর্টস’ এ দুটি বিষয়ে ডক্টরেট ডিগ্রি প্রদান করে। ১৯৯০ সালে টোকিও ন্যাশনাল ইউনিভার্সিটি অফ ফাইন আর্টস অ্যান্ড মিউজিকে পোস্ট ডক্টরাল গবেষণা সম্পন্ন করেন। বিষয় “উকিওয়ে” ছাপাই চিত্র।

১৯৭৫ সালে খুলনা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ে চারু ও কারুকলার প্রভাষক হিসেবে কর্মজীবনের শুরু। ১৯৮৩ থেকে ১৯৮৮ সাল পর্যন্ত খুলনা আর্ট কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন। ১৯৮৮ সালে চারুকলা ইনস্টিটিউটে যোগদান। এরপর এই বিভাগে প্রফেসর হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৭২ সাল থেকে বাংলাদেশ বেতার অডিশন দিয়ে উত্তীর্ণ হয়ে রবীন্দ্র সংগীত শিল্পী হিসেবে গান শুরু করেন। পরবর্তীতে চট্টগ্রাম বেতার এবং খুলনা বেতारे দীর্ঘদিন রবীন্দ্র সঙ্গীত শিল্পী ছিলেন।

সাবেক সাপ্তাহিক “বিচিত্রা” পত্রিকার সম্পাদক প্রয়াত শাহাদত চৌধুরী ও শিল্পী রফিকুন নবীর অনুরোধে
ওই পত্রিকায় সমকালীন শিল্পকলার প্রদর্শনী উপলক্ষে ৪০টিরও অধিক শিল্প সমালোচনা প্রকাশিত। উল্লেখ্য
এটি দেশের নিয়মতান্ত্রিক শিল্প সমালোচনার সূচনা বলে ধরে নেওয়া হয়। তাঁর সখ এস্ট্রা-পার্মিস্ট্রি ও
যোগশাস্ত্র।

ড. মো. রফিকুল আলমের প্রকাশিত বইয়ের তালিকা

	নাম	প্রকাশক	প্রকাশকাল
১.	Folk Painting in Bangladesh	বাংলা একাডেমী	ঢাকা, ২০০১
২.	উপমহাদেশের শিল্পকলা	বাংলা একাডেমী	ঢাকা, ১৯৯৩
৩.	উপমহাদেশের শিল্পকলা	মাওলা ব্রাদার্স	ঢাকা, ২০০৩
৪.	বিশ্ব সভ্যতা ও শিল্পকলা	বাংলা একাডেমী	ঢাকা, ২০০১
৫.	বিশ্ব সভ্যতা ও শিল্পকলা	চয়নিকা	ঢাকা, ২০১৪
৬.	বিশ্ব সভ্যতা ও শিল্পকলা	চয়নিকা	ঢাকা, ২০২৩
৭.	কিউবিজম ও অনুষ্ঙ্গ	বাংলাদেশ শিল্পকলা একাডেমী	ঢাকা, ২০০০
৮.	সুরিয়ালিজম	চয়নিকা	ঢাকা, ২০১১
৯.	এক্সপ্রেশনিজম	পাঠক সমাবেশ	ঢাকা, ২০১৫
১০.	বিশ্বের মৃৎশিল্প	অনন্যা	ঢাকা, ২০১৪
১১.	ইসলামী সভ্যতা ও শিল্পকলা	অনন্যা	ঢাকা, ২০১৪
১২.	আধুনিক শিল্পকলা: এক্সপ্রেশনিজম ও তারপর	পাঠক সমাবেশ	ঢাকা, ২০১৯
১৩.	পাশ্চাত্য শিল্পের ইতিহাস	বাংলা একাডেমী	ঢাকা, ১৯৯৪

১৪.	পাশ্চাত্য শিল্পের ইতিহাস	মাওলা ব্রাদার্স	ঢাকা, ১৯৯৪
-----	--------------------------	-----------------	------------